দৈনিক সংবাদ

তারিখ 09 NOV 1988
পৃষ্ঠা 5 কলাম

৩৪

~~৫৫০~~
67

সংবাদ : ৫

## সোয়া ২শ' প্রাথমিক স্কুলের সমস্যা

# ছাত্রছাত্রীদের চট মাদুর নিয়ে স্কুলে আসতে হয়

।। ইন্দ্রমোহন রায় ।।

দিনাজপুর, ৭ই নভেম্বর।— দিনাজপুর জেলার ১৩টি উপজেলায় প্রায় ২শ' ২০টি অনুমোদিত প্রাথমিক বিদ্যালয় দীর্ঘদিন ধরে সরকারীকরণের অপেক্ষায় রয়েছে। এর ফলে ঐ ২শ' ২০টি প্রাথমিক বিদ্যালয়ের ৮শ' ৮০ জন শিক্ষক সরকারীকরণের আশায় দিনের পর দিন অপেক্ষায় রয়েছেন। আর ঝড়বৃষ্টিতে স্কুলে মাদুর চাটাই নিয়ে হাজিরা দিচ্ছে প্রায় ২৫ হাজার ছাত্রছাত্রী।

জেলা প্রাথমিক শিক্ষা দফতর সূত্রে জানা গেছে, বেসরকারী বিদ্যালয়গুলোতে বর্তমানে চরম আর্থিক সংকট বিরাজ করছে। এ বিদ্যালয়সমূহের অধিকাংশই জনসাধারণের আর্থিক সাহায্যে চলছে। আবার কোন কোন বিদ্যালয় জনসাধারণের চাঁদার মাধ্যমে চালানো হচ্ছে।

জেলার এই সকল অনুমোদিত প্রাথমিক বিদ্যালয়ের অধিকাংশ কয়েকটি খুঁটি দিয়ে দাঁড় করে রাখা হয়েছে। কোন কোন বিদ্যালয়ে বেড়া আছে তো ছাউনি নেই, ছাউনি আছে তো বেড়া নেই। এর সাথে রয়েছে ছাত্রছাত্রীদের বসার সমস্যা। এর জন্য ছাত্রছাত্রীরা বাড়ী হতে চট কিংবা মাদুর চাটাই সঙ্গে নিয়ে আসে বসার জন্য। এছাড়া বিদ্যালয়সমূহে রয়েছে বেঞ্চ, ব্ল্যাকবোর্ড ও টেবিল-চেয়ার সংকট যার ফলে নামমাত্র আসবাবপত্র নিয়ে শিক্ষকরা কোনমতে চালিয়ে যাচ্ছেন স্কুলগুলো।